

এতদিন যে বসেছিলেম পথ চেয়ে আর কাল শুনে
দেখা পেলেম ফাল্গুনে ॥

বালক বীরের বেশে তুমি করলে বিশ্বজয়—
এ কী গো বিস্ময় ।

অবাক আমি তরুণ গলার গান শুনে ॥

গন্ধে উদাস হাওয়ার মতো উড়ে তোমার উত্তরী,
কর্ণে তোমার কৃষ্ণচূড়ার মঞ্জরী ।

তরুণ হাসির আড়ালে কোন্ আগুন ঢাকা রয়—
এ কী গো বিস্ময় ।

অস্ত্র তোমার গোপন রাখ কোন্ তুণে ॥

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Raag: Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail